# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 12-09-2026** **Time: 1.40 P.M.**

পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের ঐতিহ্য, পরম্পরা ও সংস্কৃতিকে ফিরিয়ে আনবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। তিনি আজ কলকাতার কেষ্টপুরে গণেশ পূজার সূচনা করে বলেন, বামপন্থীরা ৩৪ বছর ক্ষমতায় থাকাকালীন সময়ে এই রাজ্যের ঐতিহ্যকে কোন গুরুত্ব দেয়নি। গত ১৫ বছরে তৃণমূল কংগ্রেস বাংলার পরম্পরা পাল্টে দেওয়ার চেষ্টা করেছে। দেড় দশকে সনাতনীদের মধ্যে বিভাজন তৈরির চেষ্টা হয়েছে বলে অভিযোগ করে তিনি জানান, পঞ্জিকার তিথি মেনে এবার শারদীয়া দুর্গাপুজো দেবী পক্ষে সূচনা করা হবে।

আমিষ বিতর্কে মুখ্যমন্ত্রী বলেন-

(বাইট-মুখ্যমন্ত্রী)

এরপর তিনি ইস্টমলে গণেশ পুজোর উদ্বোধন করেন।

__________________

সোমনাথ স্বভিমান পর্বের অঙ্গ হিসেবে পশ্চিমবঙ্গ সরকারের ব্যবস্থাপনায় বিশেষ ট্রেনে সোমনাথ যাত্রার ব্যবস্থা করা হয়েছে। কলকাতা স্টেশন থেকে এই ট্রেন যাত্রার সূচনা করেন পর্যটন মন্ত্রী ডক্টর শঙ্কর ঘোষ। অনুষ্ঠানে তিনি বলেন, বিদেশী পর্যটকদের আকর্ষন বাড়াতে রাজ্যের সমস্ত শক্তিপীঠগুলির উন্নয়নে রাজ্য সরকার সবরকম পদক্ষেপ নিচ্ছে। দেশের প্রকৃত ইতিহাস তরুণ প্রজন্মকে জানাতে সরকার বদ্ধপরিকর। ট্রেনটি

সোমনাথে পৌঁছবে ১৪'ই সেপ্টেম্বর- সোমবার। ১৫ ও ১৬'ই সেপ্টেম্বর তীর্থযাত্রীদের জন্য সোমনাথে রয়েছে বিভিন্ন কর্মসূচী।

এদিকে, পশ্চিমবঙ্গ ও গুজরাট সরকারের যৌথ উদ্যোগে নিখরচায় দ্বাদশ জ্যোতির্লিঙ্গ দর্শনের সুযোগ পেয়েছেন বাঁকুড়ার ৩৬ জন পর্যটক। বাঁকুড়া জেলা শাসকের দপ্তরের সামনে থেকে একটি বিশেষ বাসে তাঁদের নিয়ে যাওয়া হয় আসানসোলে। সেখান থেকে ট্রেনে তাঁরা যাচ্ছেন সোমনাথ মন্দিরে।

---

সেবা সংকল্প অভিযানের অঙ্গ হিসেবে রাজ্য সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতেও একাধিক কর্মসূচি নেওয়া হয়েছে। স্কুল শিক্ষা সচিব বিনোদ কুমার, জেলা স্কুল পরিদর্শকদের পাঠানো নির্দেশিকায় জানিয়েছেন, ১৭ সেপ্টেম্বর থেকে ৭ অক্টোবর পর্যন্ত "২৫ কোটি শিশুর স্বপ্নের ভারত" কর্মসূচিতে বিকশিত ভারতের লক্ষ্যে বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প সম্পর্কে স্কুলের ছাত্রছাত্রীদের অবহিত করা হবে। স্কুলগুলিতে পড়ুয়াদের নিয়ে আয়োজন করা হবে বক্তৃতা, অঙ্কন প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় জয়ীদের রাজ্যের মুখ্যমন্ত্রীর স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হবে।

১৭ সেপ্টেম্বর থেকে "নমো সেবা গাথা" কর্মসূচি উপলক্ষে স্কুলের পড়ুয়াদের সংশ্লিষ্ট এলাকায় সমাজসেবামূলক কাজে শামিল করা হবে।

---

তৃণমূল কংগ্রেসের জোড়াফুল প্রতীক কার দখলে থাকবে, সেব্যাপারে সিদ্ধান্ত নিতে নির্বাচন কমিশন আজ নতুন দিল্লিতে দলের দুই শিবিরের সঙ্গে বৈঠকে বসে। ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট আইআইআইডিইএম-এ এক ঘন্টার ব্যবধানে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন কালীঘাট শিবির এবং বিক্ষুব্ধ বিধায়ক তথা বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় পন্থী গোষ্ঠীর সঙ্গে চলে বৈঠক। বৈঠক থেকে বেরিয়ে বিরোধী দলনেতা

ঋতব্রত বন্দ্যোপাধ্যায় বলেন, তারা কমিশনের কাছে যাবতীয় তথ্য জমা দিয়েছে। দুই বিধানসভা আসনে উপনির্বাচনের আগে যত দ্রুত সম্ভব প্রতীক নিয়ে সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে তাঁরা আবেদন জানিয়েছেন বলে ঋতব্রত জানিয়েছেন।

(বাইট-ঋতব্রত)

----------------

জরুরী মেরামতি ও রক্ষনাবেক্ষনের কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল ( রবিবার) আরও এক দফায় বন্ধ রাখা হবে। সকাল ৬টা থেকে বেলা ১০টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোন যান চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

----------------

রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামীকাল (রবিবার, ১৩ ই সেপ্টেম্বর) মেট্রোর ব্লু লাইনের গীতাঞ্জলি ও কবি নজরুল মেট্রো স্টেশনের মধ্যে ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর ফলে, ওই দিন সকাল ৯টা থেকে সন্ধ্যা সাড়ে ৬ টা পর্যন্ত শহীদ ক্ষুদিরাম ও মহানায়ক উত্তম কুমার স্টেশনের মধ্যে কোনো মেট্রো পরিষেবা পাওয়া যাবে না।

----------------

তারাতলায় নির্মীয়মাণ গুদামের ছাদ ভেঙে পড়ার ঘটনায় আরও এক জনকে গ্রেফতার করেছে কলকাতা পুলি বিশেষ তদন্তকারী দল (সিট)। ধৃত আমিনুর শেখ কলকাতা পুরসভার বিল্ডিং বিভাগের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে কর্মরত। তাকে গড়িয়ার একটি আবাসন থেকে গ্রেফতার করা হয়েছে। তিনি তারাতলার ৮০ নম্বর ওয়ার্ডের দায়িত্বে ছিলেন। সেখানেই গত ২৪ জুন এক চায়ের গুদামের নির্মীয়মাণ কাঠামো ভেঙে পড়ে।

----------------

কলকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন সহ উপাচার্য (শিক্ষা) হয়েছেন জুওলজির অধ্যাপক সাগরতীর্থ সরকার। এতদিন ওই পদে ছিলেন অধ্যাপক আশিস কুমার চট্টোপাধ্যায়। এছাড়া সহ উপাচার্য (অর্থ) পদে গণিতের অধ্যাপক ধনঞ্জয় মন্ডলকে দায়িত্ব দেওয়া হয়েছে।

-----------------

সুরেন্দ্রনাথ আইন কলেজের উপাধ্যক্ষ মহম্মদি তারান্নুমকে দীর্ঘক্ষণ ঘেরাও এবং অবশেষে তাঁর পদত্যাগকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। উপস্থিতির হার কম থাকা সত্বেও পরীক্ষায় বসতে দেওয়ার দাবিতে পড়ুয়ারা বৃহস্পতিবার বেলা ২'টো থেকে তাঁকে ঘেরাও করে রাখেন। টানা ২৩ ঘন্টা ঘেরাও চলার পর গতকাল দুপুরে পদত্যাগ পত্র পেশ করেন তারান্নুম। পরে উপাধ্যক্ষের ইমেল পেয়ে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে।
এদিকে উপাধ্যক্ষ অভিযোগ করেছেন, তাঁকে জোর করে পদত্যাগ পত্র সই করানো হয়েছে।

-----------------

উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন এলাকায় তৈরি হওয়া নিম্নচাপ এলাকাটি দক্ষিণ ছত্রিশগড় এবং সংলগ্ন অঞ্চলের ওপর অবস্থান করছে । আগামী ২৪ ঘণ্টায় এটি পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হবে। এদিকে এই নিম্নচাপ এলাকার ওপর দিয়ে বিস্তৃত রয়েছে সক্রিয় মৌসুমী অক্ষরেখা। এর ফলে আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
অন্যদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি আলিপুরদুয়ার ও কোচবিহার জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা।

----------------- -----------------